



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- ৮/কল/গাই/২১৪/৪৯১৫

তারিখ: ৩১/১০/২০২২খ্রি.

বিষয় : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৮৫.০০১.১৯-২৮০, তারিখ: ২০/১০/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ চন্দিয়া জিলাপাল পাড়া আইডিয়াল মহাবিদ্যালয়-এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছেন। এই অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখা সমূহঃ

১। মানবিক ২। বিজ্ঞান ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা
- (২) ইংরেজি
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্বাচনিক বিষয় :

(ক) মানবিক শাখা :

- ১। পৌরনীতি ও সুশাসন।
- ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
- ৩। অর্থনীতি।
- ৪। সমাজবিজ্ঞান।

(খ) বিজ্ঞান শাখা :

- ১। পদার্থবিজ্ঞান।
- ২। রসায়ন।
- ৩। জীববিজ্ঞান।
- ৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
- ২। হিসাব বিজ্ঞান।
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

(ঘ) সকল শাখার জন্য :

- ১। কৃষি শিক্ষা।

শর্তসমূহ :

- ১। সকল শিক্ষক NTRCA-এর নিবন্ধন কৃত হতে হবে।
- ২। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৩। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ইং জুন, ১৯৮৪ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

- ৫। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৬। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে সর্বোচ্চ ৫০ জন, মানবিক বিভাগে সর্বোচ্চ ১০০ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে সর্বোচ্চ ৫০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৭। চলতি শিক্ষাবর্ষে (২০২২-২০২৩) উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।
- ৮। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৯। বিজ্ঞান শাখার জন্য মানসম্পন্ন বিজ্ঞানাগার জরুরি ভিত্তিতে চালু করতে হবে।
- ১০। গ্রন্থাগারে কম পক্ষে ২০০০ (দুই হাজার) বই সংরক্ষণ করতে হবে।
- ১১। শিক্ষা বোর্ডের নির্দিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানের (উচ্চ মাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।
- ১২। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ১৩। আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ১৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ১৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১৯। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

অধ্যক্ষ,
চন্দ্রিয়া প্রিন্সিপাল পাড়া আইডিয়াল মহাবিদ্যালয়
ডাকঘর : ভবানীগঞ্জ
উপজেলা : ফুলছড়ি, জেলা : গাইবান্ধা।


২৪):
(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর।

স্মারক নং- ৮/কল/গাই/২১৪/৪৯১৫

তারিখ: ৩১/১০/২০২২খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
- ৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৭। ওয়েব সাইট কপি।
- ৮। অফিস কপি।


(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর।
৩১/১০/২০২২

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।